

রিটার্নিং অফিসারের কার্যালয়  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

স্মারক নং-০৫.৪৩.৮৮৬১.০০০.৩৪.০১৩.২৩- ২২০

তারিখঃ ১৯-০৩-২০২৩ খ্রিঃ


বিজ্ঞপ্তি

(খসড়া ভোটার তালিকা প্রকাশ সংক্রান্ত)

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচনের লক্ষ্যে এতদ্বারা আমি তৃপ্তি কণা মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ ও রিটার্নিং অফিসার, রায়গঞ্জ সিরাজগঞ্জ এ উপজেলার খসড়া ভোটার তালিকা প্রকাশ করিতেছি।

০২। উক্ত ভোটার তালিকায় কোনো মৃত মুক্তিযোদ্ধার নাম অন্তর্ভুক্ত থাকিলে অথবা ভোটার তালিকায় কোনো ডুপ্লিকেট নাম থাকিলে অথবা করণিক ত্রুটি থাকিলে শুধুমাত্র ভোটারগণকে অত্র বিজ্ঞপ্তি প্রকাশনার তারিখ হইতে পরবর্তী সময় ২২-০৩-২০২৩ তারিখ রোজ বুধবার এর মধ্যে অফিস চলাকালীন সময়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে দরখাস্ত করিতে হইবে।

০৩। অফিস চলাকালীন সময়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে খসড়া ভোটার তালিকা দেখা যাইবে। ভোটার তালিকার প্রতি পাতা ০৫/- (পাঁচ) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট ([www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)) হইতে যে কোন ব্যক্তি ভোটার তালিকা ডাউনলোডপূর্বক সংগ্রহ করিতে পারিবেন।

  
(তৃপ্তি কণা মন্ডল)  
উপজেলা নির্বাহী অফিসার  
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

ও

রিটার্নিং অফিসার

রায়গঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩ (রায়গঞ্জ-তাড়াশ)।

০২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।

০৩। প্রধান সমন্বয়কারী, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন/২০২২-২৩, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।

০৪। মেয়র, রায়গঞ্জ পৌরসভা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (তাকে বিজ্ঞপ্তিটি তীর দাপ্তরিক নোটিশ বোর্ড এবং রায়গঞ্জ পৌরসভার দর্শনীয়/জনগুরুত্বপূর্ণ স্থানসমূহে টাঙিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

০৬। ড. মোঃ হাফিজুর রহমান, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার, রায়গঞ্জ উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩।

০৭। সাবেক কমান্ডার, জেলা ইউনিট কমান্ড, সিরাজগঞ্জ।

০৮। সাবেক কমান্ডার, উপজেলা ইউনিট কমান্ড, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

০৯। বীর মুক্তিযোদ্ধা জনাব..... রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

১১। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ (তাকে বিজ্ঞপ্তিটি তীর দাপ্তরিক নোটিশ বোর্ড এবং ইউনিয়নের দর্শনীয়/জনগুরুত্বপূর্ণ স্থানসমূহে টাঙিয়ে জারি করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১২। অফিস কপি/নোটিশ বোর্ড, এ কার্যালয়।